

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.১১৩.১৩-৪৩৮

তারিখঃ ০১-১১-২০১৬ খ্রিঃ


প্রজ্ঞাপন

যেহেতু, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন বরগুনা সদর উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব রণজিৎ কুমার সরকার-এর বিরুদ্ধে বরগুনা সদর উপজেলার ২০১২-২০১৩ অর্থ বছরের ১ম পর্যায়ের অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ৩টি প্রকল্পে ৮৮,০৫৩/৫০ টাকা আঙ্গসাতের ঘটনা প্রমাণিত হওয়ায় দুর্নীতি দমন কমিশন বিজ্ঞ আদালতে বিচারার্থে অনুমোদন জ্ঞাপন করেছে এবং বিচারকালে আসামী জনাব রণজিৎ কুমার সরকার-কে ২৯-০৯-২০১৬ খ্রিঃ তারিখে জেল হাজতে প্রেরণ করেছে।

সেহেতু, এক্ষণে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ১১ নং বিধি অনুযায়ী জনাব রণজিৎ কুমার সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা-কে সরকারী চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। তাঁর বিরুদ্ধে উল্লিখিত বিধিমালা অনুযায়ী বিভাগীয় মামলা রুজু করা হচ্ছে।

- ২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।
- ৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং ২৯-০৯-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ গোলাম মোস্তফা)
সচিব (দায়িত্বে)।

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.১৮.১১৩.১৩-৪৩৮/১(৯)

তারিখঃ ০১-১১-২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বরগুনা।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বরগুনা।
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা।
- ৬। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন/ ত্রাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৯। জনাব রণজিৎ কুমার সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা।


(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।